# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৮

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ শিক্ষার্থীর জন্য তার শিক্ষা বিষয়ে শিক্ষকের উপর আপত্তি করা জায়িয হওয়ার দলীল সংক্রান্ত বর্ণনা

## ذكر الخبر الدال عَلَى إِبَاحَةِ اعْتِرَاضِ المتعلِّم عَلَى الْعَالِمِ فِيمَا يَعْلَمُهُ من العلم

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ خَلِيلٍ حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ حَدَّثَنَا أَنَسُ بْنُ عِيَاضٍ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ:
قَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: يَا رَسُولَ اللَّهِ نَعملُ فِي شَيْءٍ نَأْتَنِفُهُ أَمْ فِي شَيْءٍ قَدْ فُرِغَ مِنْهُ؟ قَالَ:
(بَلْ فِي شَيْءٍ قَدْ فُرِغَ مِنْهُ) قَالَ: فَفِيمَ الْعَمَلُ؟ قَالَ:
(يَا عُمر! لَا يُدرِكُ ذَاكَ إِلَّا بِالْعَمَلِ) قَالَ: إِذًا نَجْتَهِدُ يَا رَسُولَ الله!
□□ □□□□ □

[تعليق الشيخ الألباني]
صحيح – ((الظلال)) (165).

الحديث: 108 ¦ الجزء: 1 ¦ الصفحة: 215

বাংলা

১০৮. আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, উমার ইবনুল খাত্তাব রাদ্বিয়াল্লাহু আনহু বলেনঃ ইয়া রাসূলুল্লাহ! আমরা কিসের ভিত্তিতে আমল করব, আমরা (নিজেরা ইচ্ছাধীনভাবে) যা করব, এমন বিষয়ের ভিত্তিতে, নাকি যা (তাক্বদীরে) চুড়ান্ত করা হয়েছে তার ভিত্তিতে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ “না, বরং যা চুড়ান্ত করা হয়েছে তার ভিত্তিতে।” তখন উমার (রাঃ) বললেনঃ তাহলে আমল করা কেন?

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ হে উমার! (তাক্বদীরে কী চুড়ান্ত করা হয়েছে) তা তো কেবল

আমলের মাধ্যমেই জানা যাবে। (কেননা, যাকে যে যেখানকার জন্য সৃষ্টি করা হয়েছে, তার জন্য সেখানকার মতো আমল করাকে সহজ করে দেওয়া হয়)।

তখন উমার (রাঃ) বললেনঃ ইয়া রাসূলুল্লাহ! তাহলে আমরা (আমল করার ব্যাপারে) বহুত চেষ্টা-প্রচেষ্টা করতে থাকবো।[1]

## ফুটনোট

[1] আলবানীঃ সহীহ।
আরনাউত্বঃ সহীহ।
তাখরীজঃ বাযযার, ২১৩৭; হাইসামী, মাজমাউয যাওয়াইদ ৭/১৯৪-১৯৫ এবং হাইসামী বলেন, এর রাবীগণ সকলেই সহীহ হাদীসের রাবী।
কাছাকাছি শব্দে তিরমিযী, ৩১১১ তে বর্ণনা করেছেন (অনুবাদক)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87572

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন